জনাব শামসুন নেহার
প্রশিক্ষণ সমন্বয়ক
২৯.০১.২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০০০.০৫১.৯১.০০০১.২৬-৪২

তারিখ : ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রাপক : ম্যানেজার (বিজ্ঞাপন)
The Daily Star/দৈনিক সমকাল
ঢাকা।

বিষয় : সংযুক্ত বিজ্ঞপ্তি পত্রিকার ভিতরের পাতায় একদিন প্রকাশের ব্যবস্থাকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য চলতি ২০২৫-২৬ অর্থবছরে "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬" প্রদানের নিমিত্ত সংযুক্ত বিজ্ঞপ্তিটি The Daily Star/দৈনিক সমকাল পত্রিকার ভিতরের পাতায় (সাইজ ১২×৩) জরুরিভাবে ০১ (এক)দিন প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য, প্রকাশিত বিজ্ঞপ্তি সংবলিত পত্রিকার ০৫ (পাঁচ) কপিসহ বিল নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বিজ্ঞপ্তির কপি।

২৯.০১.২০২৬
মো. মাসুম আহমেদ
উপসচিব
ফোন : ০১৭১৪০৩৮৮০৭

অনুলিপি :

জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ( সংযুক্ত বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশসহ তা মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল উপপরিচালক ও কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, অধ্যক্ষ এবং সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাবৃন্দকে (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) প্রেরণসহ জেলা/উপজেলা পোর্টালে ব্যাপক প্রচারের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট/বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা (সংযুক্ত বিজ্ঞপ্তি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রকাশসহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। যুগ্মসচিব (যুব অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। নির্বাহী পরিচালক, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা (সংযুক্ত বিজ্ঞপ্তি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রকাশসহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা (সংযুক্ত বিজ্ঞপ্তি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রকাশসহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮। উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। নির্বাহী পরিচালক, জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা (সংযুক্ত বিজ্ঞপ্তি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রকাশসহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

পাতা/২

১০। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংযুক্ত বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশসহ বিজ্ঞপ্তির আলোকে নির্ধারিত আবেদন ফরম যথাস্থানে আপলোড করার অনুরোধসহ)।
১২। অফিস কপি।

২৮.০১.২৬

মো. মাসুম আহমেদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd/ যুউঅ.বাংলা

স্মারক নং-৩৪.০১.০০০০.০০০.০০৫.৩৭.০০০৯.২৬-২১০

তারিখ: ১৮ মাঘ ১৪৩২ / ০১ ফেব্রুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ ........(সকল)।
০২. পরিচালক............................(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩. প্রকল্প পরিচালক...........................(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. জেলা প্রশাসক .........(সকল)।
০৬. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. উপজেলা নির্বাহী অফিসার, ........(সকল)।
০৮. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ...............(সকল)।
০৯. অধ্যক্ষ, যুব উন্নয়ন একাডেমি, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
১০. কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ....(সকল) জেলা।
১১. প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. ডেপুটি কোঅর্ডিনেটর , যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ....(সকল) জেলা।
১৩. সহকারী পরিচালক, আঞ্চলিক যুব উন্নয়ন একাডেমি, যুব উন্নয়ন অধিদপ্তর, ....(সকল)।
১৪. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা উন্নয়ন কর্মকর্তা......(সকল) উপজেলা, ......জেলা।
১৫. মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১৬. পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১৭. অফিস কপি।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখের ৩৪.০০.০০০০.০০০.০৫১.৯১.০০০১.২৬.৪২ সংখ্যক পত্র অনুযায়ী "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬" সংক্রান্ত বিজ্ঞপ্তিটি প্রচার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১.০২.২০২৬

(মোঃ জাকারিয়া জামিল)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-২২৬৬৪২২০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৫১.৯১.০০০১.২৬-৪১

তারিখ : ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

## "ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬"

যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ মোতাবেক সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে নিম্নে উল্লিখিত ০৮টি ক্যাটাগরিতে "ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬" প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

### পুরস্কার ক্যাটাগরির নাম

| ক্রমিক নং | ক্যাটাগরির নাম | পুরস্কার সংখ্যা | পুরস্কারের ধরণ (প্রতিটির ক্ষেত্রে) |
|---|---|---|---|
| (১) | আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা উন্নয়নে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | প্রতিটি অ্যাওয়ার্ডে থাকবে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার ক্রস্‌ড চেক, একটি ক্রেস্ট এবং একটি সম্মাননাপত্র। |
| (২) | ক্রীড়া উন্নয়নে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৩) | সমাজসেবা ও জনকল্যাণে (জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের প্রতি আদর্শসেবা) অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৪) | বিজ্ঞান, প্রযুক্তি ও কারিগরি ক্ষেত্রে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৫) | নারী ও শিশু উন্নয়নে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৬) | শিক্ষার উন্নয়ন ও প্রসারে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৭) | পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৮) | কলা ও সংস্কৃতিতে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |

### আবেদনের শর্তাবলী

ক আবেদনকারীকে অবশ্যই বিদ্যমান জাতীয় যুব নীতি অনুযায়ী ১৮ হতে ৩৫ বছরের বয়সসীমার নারী-পুরুষ নির্বিশেষে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ অলাভজনক, অরাজনৈতিক এবং অবৈতনিকভাবে স্বেচ্ছাসেবক হিসেবে সেবা ও উন্নয়নমূলক কর্মে নিয়োজিত যুবরা (যুবনারী ও যুবপুরুষ) শুধুমাত্র এ অ্যাওয়ার্ডের জন্য আবেদন করতে পারবেন।

গ আগ্রহী যুবগণ স্ব স্ব উপজেলার সংশ্লিষ্ট কমিটি'র সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার বরাবর নির্ধারিত ফরমে আবেদন দাখিল করবেন। মহানগরীর ক্ষেত্রে (যেখানে উপজেলা কার্যালয় নেই) সরাসরি সংশ্লিষ্ট জেলা কমিটি'র সভাপতি হিসেবে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে।

ঘ ক্যাটাগরিভিত্তিক প্রত্যয়নের ক্ষেত্রে উল্লিখিত ক্যাটাগরির বিষয় সংশ্লিষ্ট (সরকারি, আধাসরকারি/ স্বায়ত্তশাসিত/ রাষ্ট্রায়াত্ত সংস্থার ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড বা সমতুল্য বা তদুর্ধ্ব পদে কর্মরত কর্মকর্তা) একজন কর্মকর্তার প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

ঙ একজন আবেদনকারী যে কোনো একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন।

চ ফৌজদারি মামলায় দন্ডিত কোনো ব্যক্তি এ অ্যাওয়ার্ডের লক্ষ্যে আবেদনের জন্য বিবেচিত হবেন না ।

ছ সন্ত্রাস বা সমাজ বা রাষ্ট্র বিরোধী বা আইন শৃঙ্খলা বিরোধী কাজে লিপ্ত কোনো যুব অ্যাওয়ার্ডের লক্ষ্যে আবেদনের জন্য বিবেচিত হবেন না।

জ ঋণখেলাপি কোনো ব্যক্তি এই অ্যাওয়ার্ডের জন্য বিবেচিত হবেন না।

ঝ চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে ডোপ টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। কোন বিজয়ী ডোপ টেস্টে অযোগ্য বিবেচিত হলে তার পরিবর্তে ক্যাটাগরির মেধাক্রম অনুযায়ী পরবর্তী প্রার্থী বিজয়ী হিসেবে নির্বাচিত হবেন।

ঞ আবেদনকারী যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক অন্য কোনো অ্যাওয়ার্ড/পুরস্কারে ভূষিত হলে এ অ্যাওয়ার্ডের জন্য বিবেচিত হবেন না।

ট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

পাতা/২

২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট **(www.moysports.gov.bd)**-এ প্রবেশ করে সেবা বক্সে নাগরিক ই-সেবার আওতাভুক্ত **ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬** ক্লিক করে ক্যাটাগরি সংশ্লিষ্ট আবেদনের **নির্ধারিত ফরম** সংগ্রহপূর্বক তা যথাযথভাবে পূরণপূর্বক এসঙ্গে অনুচ্ছেদভিত্তিক চাহিত তথ্যাদি সংযুক্ত করে আবেদন **আগামী ০১ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ (১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ) রবিবার** অফিস সময়ের মধ্যে নির্ধারিত স্থানে (শর্তাবলীর **'গ' উপঅনুচ্ছেদ** অনুযায়ী) সরাসরি দাখিল করতে হবে। উল্লেখ্য, **নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।**

৩। আবেদন ফরমে উল্লিখিত চাহিত সকল প্রমাণক (সনদপত্র, প্রত্যয়নপত্র, ছবি, ভিডিও, পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি) সংযুক্ত করতে হবে।

৪। সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) সাথে যোগাযোগ করা যেতে পারে। প্রযোজ্য ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট নির্বাহী কর্মকর্তার সাথে ০১৭১৬২৩০৩৬৬ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

২৭.০১.২০২৬

মো. মাসুম আহম্মেদ
উপসচিব